ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০ টায় জেলা বিএনপির কার্যালয়ে সদর উপজেলা বিএনপির মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। সভাপতিত্ব করেন সদও উপজেলা বিএনপির সভাপতি এ্যাডঃ কামাল আজাদ পান্নু।

মিটিং পরিচালোনা করেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আলমগীর হোসেন আলম।

আরো উপস্থিত ছিলেন সদর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাহিদুল ইসলাম জর্দার, ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি নজরুল ইসলাম, আলাউদ্দিন আল মামুন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক জাহাঙ্গীর হোসেন , প্রচার সম্পাদক এম আক্তার মুকুল, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউল ইসলাম ফিরোজ, সহ-সভাপতি বিল্লাল হোসেন, যুগ্মসাধারণ সম্পাদক প্রভাষক আব্দুল খালেক, উপজেলা বিএনপির প্রচার সম্পাদক তৈফিকুর রহমানসহ ঝিনাইদহ সদর ঝিনাইদহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নের সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, সিনিয়র সহসভাপতি, যুগ্ম সম্পাদক বৃন্দ।

প্রধান অতিথি প্রতিটি ইউনিয়নের সাংগঠনিক কার্যক্রম বৃদ্ধি ও আগামী জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেন।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

রাষ্ট্র কাঠামো মেরামত ৩১ দফা ও জনসম্পৃক্তি সফল করার লক্ষ্যে আমঝুপি ইউনিয়ন বিএনপি’র ১ নং ওয়ার্ড খোকসা গ্রামের কর্মী

সমাবেশে অনুষ্ঠিত হয়।

সোমবার (৩ ফেব্রুয়ারি) বিকেল ৫ টার দিকে মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়।

খোকসা গ্রামের বিএনপির প্রবীণ নেতা মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক মোঃ আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ ইলিয়াস হোসেনের সঞ্চালনায় এ সময় জেলা বিএনপির সদস্য মোঃ ইলিয়াছ হোসেন, মোঃ আলমগীর খান ছাতু, আনছারুল হক, খাইরুল বাশার, আব্দুল্লাহ, হাফিজুর রহমান, মীর ফারুক হোসেন, ওমর ফারুক লিটন, মোছাঃ রোমানা আহম্মদ, গনিউল আজম, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, কেন্দ্রীয় যুবদলের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান, ঢাকা মহানগর উত্তর জাসাসের যুগ্ম আহবায়ক রাফিজা আলম নাকী, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, মেহেরপুর সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, আমঝুপি ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজুর রহমান হাফিজ, পৌরসভা ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, ইসমাইল শাহ, দবির, জনিসহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপি’র শীতবস্ত্র বিতরণ

“এসো দূর করি শীতার্ত মানুষের কষ্টের কালো রাত, তাদের হাতে রাখি সহানুভূতির আপন হাত” স্লোগানে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

রবিবার (২ ফেব্রুয়ারি) বিকেল ৪টার দিকে শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড নীলমনি পাড়া বিএনপি’র অফিসের সামনে ২ শত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরন করা হয়।

শ্যামপুর ইউনিয়ন বিএনপি নেতা ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ন আহবায়ক ফয়েজ মোহাম্মদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্যামপুর ইউনিয়ন বিএনপি নেতা আবুল হাসেম, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু।

জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এসময় শ্যামপুর ইউনিয়ন বিএনপি নেতা শামসুর রহমান সুইট, আমিরুল ইসলাম, মিলন হোসেন, মিরাজুল ইসলাম, সাহারুল ইসলাম, কালাম হোসেন, রুহুল আমিন, মোমিনুল ইসলাম, খোকন হোসেন, আব্দুল মান্নান, আব্দুল জলিলসহ শ্যামপুর ইউনিয়ন স্থানীয় নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর বিএনপির ৩১ সদস্যের আহবায়ক কমিটি ঘোষণা

জাভেদ মাসুদ মিল্টনকে আহবায়ক ও অ্যাডভোকেট কামরুল হাসানকে সদস্য সচিব করে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির মেহেরপুর জেলা শাখার

৩১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করেছে কেন্দ্রীয় বিএনপি।

৩১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির অন্যান্য সদস্যরা হলেন, যুগ্ম আহবায়ক যথাক্রমে আমিরুল ইসলাম, জাহাঙ্গীর বিশ্বাস ও ফয়েজ মোহাম্মদ, সদস্যরা হলেন, যথাক্রমে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা বিএনপির সাবেক সিনিয়র সহসভাপতি ইলিয়াছ হোসেন, আলমগীর খান ছাতু, আনছারুল হক, গাংনী উপজেলা বিএনপির সাবেক আহবায়ক মোহাম্মদ আব্দুল্লাহ, মো: হাফিজুর রহমান, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, বাংলাদেশ জাতীয় শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, আব্দুল হামিদ, খাইরুল বাশার, ওমর ফারুক লিটন, আব্দুল আওয়াল, ইনসারুল হক ইনসু, আলফাজ উদ্দীন কালু, মোছা: রোমানা আহমেদ, মো: আব্দুর রশিদ, সাইফুল ইসলাম, আসাদুজ্জামান বাবলু, মকবুল হোসেন মেঘলা, আখেরুজ্জামান, অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, মশিউর রহমান ও মো: গনিউল আজিম।

রবিবার দুপুরে বিএনপির যুগ্ম মহাসচিব অ্যডাভোকেট রুহুল কবির রজিভী স্বাক্ষরিত কমিটি মেহেরপুর জেলা বিএনপির নেতৃবৃন্দের কাছে পৌছে।

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি পুনর্বিবেচনার দাবিতে গণমিছিল

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি পুনর্বিবেচনার দাবিতে গণমিছিল করেছে সদর উপজেলা বিএনপি।

রবিবার (২ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে মেহেরপুর কাথুলী রোডের জেড কে ফিলিং স্টেশন থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

মিছিলে নেতাকর্মীরা মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি পুনর্বিবেচনার দাবিতে বিভিন্ন স্লোগান দেন। এতে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিএনপির নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এর আগে জেড কে ফিলিং স্টেশনে এক পথসভা অনুষ্ঠিত হয়। সেখানে বক্তারা বলেন, “১৬ বছর যারা রাজপথে লড়াই-সংগ্রামে ছিলেন না, তারাই এখন আহ্বায়ক কমিটিতে জায়গা পেয়েছেন। টাকার বিনিময়ে আওয়ামী লীগের দোসরদের কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে, যা আমরা মানি না।”

প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুন বলেন, “আমরা কেন্দ্রের কাছে আবেদন করেছি। বলিনি যে কমিটি মানি না, বরং বলেছি কমিটি পুনর্বিবেচনা করা হোক। জনগণের মতামতের ভিত্তিতেই মেহেরপুর জেলার নেতৃত্ব গঠিত হবে। আগামী দিনে তারেক রহমানের নেতৃত্বে বেগম খালেদা জিয়ার নির্দেশনায় নতুন বাংলাদেশ পরিচালিত হবে।”

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাবেক সহ-সংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর সুজন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, পৌর বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মকলেছুর রহমান স্বপন, জেলা কৃষকদলের আহ্বায়ক মাহবুবুর রহমান, শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, গাংনি পৌর বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজসহ বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় বিএনপির উদ্যোগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা সদর ৪ নং ওয়ার্ডের উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

ওয়ার্ড বিএনপির সভাপতি আশরাফুল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, বিগত ১৬ বছর ধরে স্বৈরাচারী শেখ হাসিনার নেতৃত্বে যে অপকর্মগুলো করেছে তা ভাষায় প্রকাশ করা যাবে না আপনারা নিজে চোখেই দেখেছেন। পাপ বেশি হয়ে গিয়েছিল স্বৈরাচারি শেখ হাসিনার তাই ছাত্র জনতার তোপের মুখে এমপি মন্ত্রী ও নেতাকর্মীদের ফেলে ভারতে পালিয়ে যাই। এর মতো লজ্জার আর কিছু হয় না। বিএনপি দুর্নীতিকে প্রশ্রয় দেয় না দিবেনা। বিএনপি দল জনগণের পাশে ছিল জনগণের পাশে থাকবে ইনশাআল্লাহ ।

এ সময় কর্মী সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাশেম, ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রহিম , ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলী, থানা বিএনপির নেতা রোকনুজ্জামান তোতাম ও আব্দুস সালাম,৪নং নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আবুল আজাদ।

দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ। ওয়ার্ড যুবদলের নেতা বাকীবিল্লাহ, সাইফুল ইসলাম মল্লিক, ফয়জুল খাঁ, আবু বক্কর সাইদুর, নয়ন জহিরুল ইসলাম , বাবু আবুজার, মন্টু, ডাবলু, শাহ আলম, আব্দুর রাজ্জাক রফিকুল ইসলাম,খোকন।
অনুষ্ঠানটি পরিচালনা করেন যুবদল নেতা ওমর ফারুক।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে বিএনপির কর্মীসভা

দামুড়হুদা হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বেলা ৪টার দিকে হাউলী ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপির আয়োজনে জয়রামপুর ষ্টেশন বাজার মাঠে এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড বিএনপির সভাপতি (ভারপ্রাপ্ত) আবুল হাসান এর সভাপতিত্বে কর্মী সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, সাংগঠনিক সম্পাদক প্রফেসার আবুল হাসেম। হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন,। দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ভারপ্রাপ্ত আনছার আলী, থানা বিএনপি নেতা রোকনুজ্জামান তোতাম, আব্দুস সালাম।

হাউলী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, পাঠাগার সম্পাদক আরিফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা যুবদলের নেতা হুমায়ুন কবির ডাবলু, মমিনুল ইসলাম, সুমন।

হাউলী ইউনিয়ন কৃষক দলের সভাপতি শমসের আলী, সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম,
হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইদ্রিস আলী।হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান।

হাউলী ইউনিয়ন যুবদল নেতা আরিফুল ইসলাম, দেলোয়ার, নূর সালামসহ বিভিন্ন ওয়ার্ড থেকে আসা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে এই কর্মী সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানায়। সভায় দলের সাংগঠনিক কার্যক্রম জোরদার করার পাশাপাশি দলীয় ঐক্য বজায় রেখে ভবিষ্যৎ রাজনৈতিক কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয়। বক্তারা দলের তৃণমূল পর্যায়ের কর্মীদের সক্রিয় ভূমিকা এবং জনগণের পাশে থাকার আহ্বান জানান। তারা দলীয় আদর্শ ও নেতৃত্বের প্রতি আস্থা রেখে সংগঠনকে আরও সুসংগঠিত করার প্রত্যয় ব্যক্ত করেন। বক্তারা গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। উল্লেখ্য, এই কর্মী সভা ভবিষ্যৎ কর্মসূচি প্রণয়ন ও সংগঠনের কার্যক্রম শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো: আব্দুর রাজ্জাক।

চুয়াডাঙ্গা-মেহেরপুর বিএনপির ৩১ দফা বাস্তবায়নে দিনব্যাপী কর্মশালা

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা বিএনপির নেতাকর্মীদের নিয়ে দিনব্যাপী জনসম্পৃক্তি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) সকাল ১০টায় চুয়াডাঙ্গা শহরের শাহেদ গার্ডেনে বিএনপির কেন্দ্রীয় প্রশিক্ষণ বিষয়ক কমিটির উদ্যোগে এই কর্মশালা আয়োজন করা হয়।

কর্মশালার মূল বিষয় ছিল “আগামী রাষ্ট্রকাঠামো মেরামতের ৩১ দফা কর্মসূচি” নিয়ে আলোচনা ও প্রশিক্ষণ।

কর্মশালার সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু। প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যোগ দেন

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

প্রধান অতিথি তারেক রহমান কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নে দলের নেতাকর্মীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন।

কর্মশালাটি পরিচালনা করেন বিএনপির সহ-গণশিক্ষা বিষয়ক সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন। এতে আরও বক্তব্য রাখেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের উপদেষ্টা ড. মাহদী আমিন, কেন্দ্রীয় ত্রাণ ও পুনর্বাসন সম্পাদক অ্যাড. নেওয়া হালিমা আরলী, স্থানীয় সরকার বিষয়ক সম্পাদক শাম্মী আক্তার, কেন্দ্রীয় ছাত্রদলের সাবেক সভাপতি কাজী রওনকুল ইসলাম শ্রাবণ, মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এড. কামরুল হাসান।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সভাপতি আমিরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ইনসারুল হক ইনসু, সাবেক সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাওছার আলী, ছাত্রদলের মেহেরপুর জেলা শাখার সভাপতি আকিব জাভেদ সেনজি, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবসহ চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা বিএনপি এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

বক্তারা আশা প্রকাশ করেন যে, এ ধরনের কর্মশালা দলের জনগণের সঙ্গে সম্পর্ক আরও গভীর করবে এবং ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

দিঘিরপাড়ায় শ্যামপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়ন বিএনপির নেতা আবুল হাসেমের উদ্যোগে হতদরিদ্রের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ বুধবার সন্ধ্যার পরে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের দিঘিরপাড়া এলাকায় কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়ন বিএনপির নেতা আবুল হাসেম উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন, শ্যামপুর ইউনিয়ন যুবদল নেতা কাবরান, যুবদল নেতা উজ্জল, দুই নম্বর ওয়ার্ড বিএনপির নেতা ইয়াকুব আলী, জলিল, ইদ্রিস, আজিজুল, সুরুজ, আরিফ, মেহেরপুর জেলা জিয়া সাইবার ফোর্স যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ, সহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে বক্তারা বলেন, আগামীতে দেশকে ঢেলে সাজাতে হবে এবং দলীয় নেতাকর্মীদের ঐক্যমতের মাধ্যমে দলকে সুসংগঠিত করতে হবে।

গাংনীতে যুবলীগ নেতার হামলায় বিএনপি নেতা ও তার ছেলে আহত

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের মহিষাখোলা গ্রামে ইউনিয়ন যুবলীগ হাফিজুর রহমান হাফিজ ধারালো অস্ত্র দিয়ে এলাপাতাড়ি কুপিয়ে গ্রাম বিএনপির নেতা আব্দুর রহিম (৬৫) ও তার ছেলে ফিরোজ হোসেন (২৭) গুরুতর জখম করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

গতকাল রবিবার (২৬ জানুয়ারী) দিবাগত রাত ৯টার দিকে গাংনী উপজেলার মহিষাখোলা গ্রামের দক্ষিণ তেঁতুলবাড়ীয়া পাড়ায় এই হামলার ঘটনা ঘটে।

আহত আব্দুর রহিম ও তার ছেলে ফিরোজ হোসেন প্রথম গাংনী উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সের ও পরে সেখান থেকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

স্থানীয়রা জানান, আজকে রাতে স্থানীয় মসজিদ নির্মাণকে কেন্দ্র করে কথা চলছিল। এসময় যুবলীগ নেতা হাফিজ ও বিএনপির স্থানীয় নেতা আব্দুর রহিমের মধ্যে কথাকাটাকাটি হয়। এর জের ধরে হাফিজ তার লোকজন ধারালো কুড়াল দিয়ে বিএনপি নেতা আব্দুর রহিমকে এলোপাতাড়ি কোপাতে থাকে। এসময় তার ছেলে ফিরোজ হোসেন তার বাবাকে বাঁচাতে এলে তাকে কুপিয়ে জখম করে। এসময় গুরুতর আহতাবস্থায় তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেস্কে ভর্তি করেন। পরে সেখানে তাদের অ্বস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

তারা আরও অভিযোগ করেন, যুবলীগ নেতা হাফিজুর রহমান হাফিজ দীর্ঘদিন যাবৎ তার নিজ ফেসবুকে বিএনপি ও প্রধান উপদেস্টা ডক্টর মোহাম্মদ ইউনুসসহ বর্তমান সরকারের বিভিন্ন উপদেষ্টাদের বিরুদ্ধে অপপ্রচার ও উস্কানিমুলক পোষ্ট দিয়ে থাকেন।

এদিকে এই হামলার পরপরই গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেস্কে আহতদের দেখতে যান এবং চিকিৎসার খোঁজ খবর নেন। তিনি হামলাকারী যুবলীগ নেতা হাফিজ ও তার সন্ত্রাসী বাহিনীর লোকজনকে অবিলম্বে গ্রেফতারের দাবী জানান।

এদিকে, এই হামলার পরপরই যুবলীগ নেতা হাফিজুলের বাড়িতে বিক্ষুব্ধ জনতা হামলা চালিয়ে ভাঙচুর করেছে বলে ফেসবুকে এসে লাইভ করে অভিযোগ করেছেন তিনি।

হাফিজ ফেসবুক লাইভে বলেছেন, আব্দুর রহিম ও তার লোকজন প্রথমে আমার বাড়িতে হামলা করেছে। আমাকে ও আমার পরিবারের লোকজনকে মারধর ভাঙচুর করেছে। তবে, লাইভ করার পরপরই পালিয়ে গেছেন হামলাকারী যুবলীগ নেতা হাফিজুর রহমান হাফিজ ও তার লোকজন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, ঘটনার পরপরই পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি শান্ত করেন। এঘটনায় এখন পর্যন্ত কোনো মামলা হয়নি। তবে, এলাকায় কোনো অপ্রীতিকর পরিস্থিতি যেনো না ঘটে সেব্যাপারে পুলিশ টহল দিচ্ছে।

আহত পরিবারের পক্ষ থেকে মামলার প্রস্তুতি চলছে বলে জানা গেছে।